



আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

বাংলাদেশ প্রতিদিন, ১৪-০৮-২০২৩, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে অত্যাধুনিক ক্যাফেটেরিয়ার উদ্বোধন



শিক্ষার্থীদের মনোরম পরিবেশে টাটকা খাবার পরিবেশনের

জন্য ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে অত্যাধুনিক ক্যাফেটেরিয়ার উদ্বোধন করা হয়েছে। সোমবার (১৪ আগস্ট) রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে নবনির্মিত অত্যাধুনিক এ ক্যাফেটেরিয়ার উদ্বোধন করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী।

উদ্বোধনে তাঁর সাথে অংশ নেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গর্ভনর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য এইচ.এন. আশিকুর রহমান এমপি এবং উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান। এসময় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, ডিন, প্রধান প্রকৌশলী, রেজিস্ট্রার, এবং বিভিন্ন বিভাগের প্রধানগণ উপস্থিত ছিলেন।

নবনির্মিত এই ক্যাফেটেরিয়াতে এক সঙ্গে প্রায় পাঁচশ জন খাবার গ্রহণ করতে পারবেন। এখানে দিনে দশ হাজার মানুষের খাবার রান্না করার ব্যবস্থা রয়েছে। সেইসাথে আধুনিক লাইটিং, কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং স্বয়ংক্রিয় অগ্নি নির্বাপন ব্যবস্থাও এখানে রয়েছে।